**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।**

**( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )**

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে উত্তরপত্রে লেখো : $1 \times 10 = 10$

(i) গড় স্থির ব্যয় রেখা হবে

(A) নিম্নমুখী (B) অনুভূমিক

(C) U-আকৃতির (D) ঊর্ধ্বগামী।

(ii) যখন গড় ব্যয় সর্বনিম্ন, তখন প্রান্তিক ব্যয় হয়

(A) গড় ব্যয় থেকে বেশি (B) গড় ব্যয় থেকে কম

(C) গড় ব্যয়ের সমান (D) শূন্য।



Scanned with OKEN Scanner

(iii) নিচের কোন্ ক্ষেত্রে পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্ম স্বল্পকালে উৎপাদন বন্ধ দেয় ?

(A) $P > AC$

(B) $P = AC$

(C) $P < AVC$

(D) $AVC < P < AC$.

(iv) কোনো ফার্ম দাম গ্রহীতা হলে, AR এবং MR-এর মধ্যে সম্পর্ক হবে

(A) $AR > MR$

(B) $AR = MR$

(C) $AR < MR$

(D) কোনোটিই নয়।

(v) একচেটিয়া বাজারে ভারসাম্য অবস্থায় দাম স্থিতিস্থাপকতার মান হয়

(A) শূন্য

(B) 1 এর থেকে বড়ো

(C) 1 এর থেকে ছোটো

(D) 1.

(vi) যদি যোগান রেখা মূলবিন্দু থেকে উর্ধ্বগামী সরলরেখা হয় তাহলে যোগানের স্থিতিস্থাপকতার ( $e_s$ ) মান হবে

(A) শূন্য

(B) 1 এর থেকে ছোটো

(C) 1

(D) 1 এর থেকে বড়ো

(vii) যদি MPC = 0·8 হয়, তাহলে বিনিয়োগ গুণকের মান হবে

(A) 8

(B) $\frac{4}{5}$

(C) $\frac{5}{4}$

(D) 5.

(viii) সমক পার্থক্য সর্বদা

(A) ধনাত্মক

(B) ঋণাত্মক

(C) শূন্য

(D) কোনোটিই নয়।



Scanned with OKEN Scanner

(ix) মাথাগুণতি অনুপাত দ্বারা নিচের কোন্‌টি পরিমাপ করা হয় ?

(A) জাতীয় আয়
(B) বেকারত্ব
(C) মুদ্রাস্ফীতি
(D) দারিদ্র্য।

(x) ভারতে আয় বৈষম্য অনুসন্ধান করার জন্য ............ সালে মহ
কমিটি গঠিত হয়।

(A) 1948
(B) 1952
(C) 1960
(D) 1991.

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 1 × 10

(i) ঠিক না ভুল লেখো :

পচনশীল দ্রব্যের যোগানের দামগত স্থিতিস্থাপকতা অত্যন্ত বেশি হয়।

অথবা

ঠিক না ভুল লেখো :

খরার ফলে শস্যহানি হলে কৃষিজাত পণ্যের যোগান রেখা নিম্নমুখী হবে।

(ii) শূন্যস্থান পূরণ করো :

একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারে প্রত্যেক বিক্রেতা ............ দ্রব্য বিক্রয় করে।

(iii) ঠিক না ভুল লেখো :

লার্নারের মতে একচেটিয়া ক্ষমতার মাত্রা = $\frac{P - MC}{P}$.

অথবা

ঠিক না ভুল লেখো :

একচেটিয়া বাজারে ভারসাম্য অবস্থায় P = MC হয়।



Scanned with OKEN Scanner

(iv) ঠিক না ভুল লেখো :

পরিকল্পিত মুনাফাই হলো মার্ক–আপ।

অথবা

ঠিক না ভুল লেখো :

শিল্পজাত দ্রব্যের দাম হলো ব্যয় নির্ধারিত এবং উৎপাদন হলো চা
নির্ধারিত।

(v) নিম্নলিখিত রাশিমালার প্রসার নির্ণয় করো :

24, 13, 49, 52, 70, 8

(vi) ঠিক না ভুল লেখো :

সমক পার্থক্যের মান চলের সমস্ত মানের উপর নির্ভর করে।

অথবা

ঠিক না ভুল লেখো :

যদি কোনো চল রাশির মানগুলিকে 10 দ্বারা গুণ করা হয় তাহলে তা
প্রসার একই থাকবে।



Scanned with OKEN Scanner

(vii) শূন্যস্থান পূরণ করো :

গিনি সহগের সর্বনিম্ন মান হলো ............ ।

(viii) শূন্যস্থান পূরণ করো :

MRTP আইন ............ সালে গৃহীত হয়েছিল।

(ix) ঠিক না ভুল লেখো :

ভারতে জমির মালিকানা বণ্টনে বৈষম্য আছে।

(x) শূন্যস্থান পূর্ণ করো :

বিশ্ব বাণিজ্য সংস্থা ........... সালে স্থাপিত হয়েছিল।

---

( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় ) : $2 \times 10 = 20$

(a) চাহিদার পরিবর্তন বলতে কী বোঝায় ?



Scanned with OKEN Scanner

(b) কোনো দ্রব্যের দাম 50 টাকা থেকে বৃদ্ধি পেয়ে 80 টাকা হলে চাহিদার 250 কিগ্রা থেকে হ্রাস পেয়ে 200 কিগ্রা হয়। তাহলে ঐ দ্রব্যের দামগত স্থিতিস্থাপকতার মান নির্ণয় করো।

অথবা

চাহিদার পারস্পরিক দামগত স্থিতিস্থাপকতা কাকে বলে ?

(c) উৎপাদনের স্থির ব্যয় ও পরিবর্তনশীল ব্যয়ের মধ্যে একটি পার্থক্য লেখো

অথবা

প্রান্তিক ব্যয়ের মধ্যে স্থির ব্যয়ের অংশ থাকে না কেন ?

(d) চাহিদার স্থিতিস্থাপকতার মান 1 হলে ফার্মের প্রান্তিক রেভেনিউ শূন্য প্রমাণ করো।

(e) রাজস্ব নীতি বলতে কী বোঝো ?

অথবা

ঘাটতি বাজেট কী ?

(f) ছদ্ম বেকারত্ব কাকে বলে ?

অথবা

মরশুমি বেকারত্ব কাকে বলে ?

(g) মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্পের (MGNREGS) উদ্দেশ্য কী ?

(h) ভারতে ব্যাংকিং ব্যবস্থার সংস্কারের জন্য নরসিংহম কমিটির দুইটি সুপারিশ উল্লেখ করো।

(i) টাকার চলতি খাতে রূপান্তরযোগ্যতার অর্থ কী ?

(j) বৈদেশিক বাণিজ্যের উদারীকরণ বলতে কী বোঝো ?

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $5 \times 8 = 40$

(a) উৎপাদন প্রক্রিয়ায় পরিবর্তনীয় অনুপাতের বিধিটি ব্যাখ্যা করো।

অথবা

বৃহদায়তন শিল্পের অভ্যন্তরীণ ব্যয় সংকোচের সুবিধাগুলি লেখো।



Scanned with OKEN Scanner

(b) খাজনার আধুনিক তত্ত্বটি সংক্ষেপে আলোচনা করো।

অথবা

নগদ পছন্দ দ্বারা কীভাবে সুদের হার নির্ধারিত হয় তা ব্যাখ্যা করো।

(c) জাতীয় আয় পরিমাপের আয়–সুমারী পদ্ধতিটি সংক্ষেপে আলোচনা করো।

অথবা

আয়ের বৃত্ত স্রোতের ধারণাটি একটি চিত্রের সাহায্যে ব্যাখ্যা করো।

(d) বাণিজ্য উদ্বৃত্ত ও লেনদেন উদ্বৃত্তের মধ্যে পার্থক্য আলোচনা করো।

(e) বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি আলোচনা করো।

(f) নমনীয় বিনিময় হার ব্যবস্থায় কীভাবে ভারসাম্য বিনিময় হার নির্ধারিত হয়?

(g) নিম্নে প্রদত্ত রাশিতথ্যের সমক পার্থক্য নির্ণয় করো :

| | | | | |
|---|---|---|---|---|
| $X$ : | 5 | 15 | 25 | 35 |
| পরিসংখ্যা : | 1 | 3 | 5 | 1 |

অথবা

যদি $n$ সংখ্যক পর্যবেক্ষণের প্রতিটির মান $c$ হয়, তবে দেখাও যে পার্থক্যের মান শূন্য হয়।



Scanned with OKEN Scanner

(h) ভারতে আয় বৈষম্যের কারণগুলি আলোচনা করো।

অথবা

বেসরকারী কেন্দ্রায়ন কাকে বলে ? এর বিভিন্ন রূপগুলি কী কী ? ভারতের অর্থনীতি থেকে প্রতিটি রূপের উদাহরণ দাও। 1 + 2 + 2



Scanned with OKEN Scanner